



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাতিসংঘ অনুবিভাগ
(জাতিসংঘ -৫ অধিশাখা)

নং-০৯.০০.০০০০.১০৫.০৫.০৩৮.১৮-৫১৪

২৭ মাঘ ১৪২৫
০৯ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: **সবুজ জলবায়ু তহবিল (Green Climate Fund, GCF) এর Direct Access Entities (DAEs) হিসেবে স্বীকৃতি (Accreditation) লাভের জন্য বাংলাদেশের যোগ্য বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচনের আবেদনপত্র আহ্বান**

জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় অর্থায়নের লক্ষ্যে United Nations Framework Convention on Climate Change (UNFCCC) এর আওতায় ২০১০ সালে GCF প্রতিষ্ঠিত হয় এবং GCF-ই ইতোমধ্যে জলবায়ু অর্থায়নের মূল বৈশ্বিক উৎস হিসেবে আবির্ভূত হয়েছে। ২০১৪ সালের নভেম্বর মাস হতে GCF এর National Designated Authority (NDA) হিসাবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বাংলাদেশ ও GCF এর মধ্যে মুখ্য সমন্বয়ক হিসাবে কাজ করছে।

০২। NDA সচিবালয় GCF এর মাধ্যমে জলবায়ু ঝুঁকি প্রশমন (Mitigation) এবং অভিযোজন (Adaptation) কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত অংশীজনদের (Stakeholders) সহায়তায় প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রেখেছে। ইতোমধ্যে, NDA কর্তৃক মনোনীত প্রতিষ্ঠান Infrastructure Development Company Limited (IDCOL) এবং Palli Karma-Sahayak Foundation (PKSF) যথাক্রমে ২০১৭ সালের জুন ও নভেম্বর মাসে বাংলাদেশের Direct Access Entities (DAEs) হিসেবে GCF এর স্বীকৃতি (Accreditation) লাভে সমর্থ হয়েছে। IDCOL এবং PKSF, DAE হিসেবে স্বীকৃতি লাভের ফলে GCF হতে সরাসরি অর্থ লাভের পথ সুগম হয়েছে। এছাড়াও, আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা যেমন: UNDP, KfW, World Bank, IFC, IUCN, GIZ প্রভৃতি প্রতিষ্ঠান GCF এর International Access Entities (IAEs) হিসাবে GCF কর্তৃক জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলার প্রকল্প গ্রহণ এবং অর্থায়ন প্রাপ্তিতে সহায়ক ভূমিকা পালন করছে। পৃথিবীব্যাপি GCF কর্তৃক নিবন্ধনকৃত প্রতিষ্ঠানের বর্তমান সংখ্যা ৭৫টি; যার মধ্যে ৪১টি DAEs এবং ৩৪ টি IAEs; যেখানে বেসরকারি খাতের প্রতিষ্ঠানের সংখ্যা ১২টি। GCF এর আওতায় বর্তমানে ৯৬টি উন্নয়নশীল দেশে ৪.৬ বিলিয়ন ডলার অর্থায়নে ৯৩টি জলবায়ু পরিবর্তন সংশ্লিষ্ট প্রকল্পের কার্যক্রম অব্যাহত রয়েছে।

০৩। বর্তমান প্রেক্ষাপটে, GCF এর মাধ্যমে জলবায়ু ঝুঁকি মোকাবেলায় আরও কার্যকর ও ফলপ্রসূ ভূমিকা পালন ও অর্থায়ন প্রাপ্তির সুবিধার্থে দেশের বেসরকারি খাত হতে যোগ্য প্রতিষ্ঠান Direct Access Entities (DAEs) নির্বাচন করার প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে।


০৪। এরই ধারাবাহিকতায়, এ পর্যায়ে DAE হিসেবে Accreditation লাভের জন্য বেসরকারি খাত (Private Sector) হতে যোগ্য প্রতিষ্ঠান নির্বাচনের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত ছকে তথ্যাদি পূরণপূর্বক আবেদন করতে হবে:

ক.	প্রতিষ্ঠানের নাম:	
খ.	প্রতিষ্ঠানের কার্যক্রম শুরুর তারিখ:	
গ.	দেশের অভ্যন্তরে (কিংবা দেশের বাইরে) প্রতিষ্ঠানটির সঠিক কর্মকান্ডের বিবরণ ও কর্মক্ষেত্রের পরিধি (Coverage):	
ঘ.	জলবায়ু ঝুঁকি অভিযোজন (Adaptation) ও প্রশমন (Mitigation) এর ক্ষেত্রে প্রতিষ্ঠানটির ভূমিকা:	
ঙ.	জলবায়ু ইস্যুতে প্রতিষ্ঠানটির অর্জিত অভিজ্ঞতা ও এর স্বরূপ বিশ্লেষণ (Track Record):	
চ.	সামর্থ্য বা পারদর্শিতার ধরণ (Competency):	
ছ.	জলবায়ু ইস্যুতে দেশীয় স্বার্থ/অগ্রাধিকারের প্রতি দায়বদ্ধতার স্বরূপ (Compliance):	
জ.	প্রতিষ্ঠানটি জাতীয়/আন্তর্জাতিকভাবে স্বীকৃতি/পদক প্রাপ্ত কিনা ?	
ঝ.	নিবন্ধিত হবার জন্য প্রতিষ্ঠানটির প্রস্তুতি (Readiness) এবং এ সংক্রান্ত ধারণাপত্র:	
ঞ.	জলবায়ু ঝুঁকি মোকাবেলায় প্রতিষ্ঠানটির ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা:	

০৫। উল্লিখিত তথ্যাদির পাশাপাশি আগ্রহী প্রতিষ্ঠানকে GCF এর website (www.gcfund.org) GCF Accreditation Self Assessment অংশটি পূরণপূর্বক এর একটি প্রিন্ট কপি আবেদনপত্রের সংগে সংযুক্ত করে বিজ্ঞপ্তি প্রকাশের ০৪ (চার) সপ্তাহের মধ্যে NDA সচিবালয় (সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭) বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

০৬। উল্লেখ্য, NDA'র আনুষ্ঠানিক মনোনয়ন পাওয়ার পরই সংশ্লিষ্ট যোগ্য বেসরকারি খাতের দেশীয় প্রতিষ্ঠানকে GCF এর website (www.gcfund.org) এর Online Accreditation System (OAS) এ নির্ধারিত fields পূরণ/ ছক অনুসারে আবেদন (সংশ্লিষ্ট সকল প্রমাণাদিসহ) Upload করতে হয়। Upload এর কাজ GCF কর্তৃক যথাযথভাবে 'সমাপ্ত হয়েছে' মর্মে গৃহীত হলে, আবেদনকারী পরবর্তী পর্যায়ে অর্থাৎ Detail Institutional Checking পর্যায়ে উপনীত হবে। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার চূড়ান্ত পর্যায়ে GCF এর Accreditation Panel এর সুপারিশের ভিত্তিতে GCF Board কর্তৃক Accreditation আবেদনের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট আবেদনকারী সংস্থা DAE হিসেবে Accreditation লাভ/ স্বীকৃতি প্রাপ্ত হবে।

০৭। NDA কর্তৃক প্রয়োজনীয় যাচাই-বাচাইপূর্বক যোগ্য প্রতিষ্ঠানের নাম যথাসময়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানিয়ে দেয়া হবে।



নূর আহমদ

উপসচিব

ফোনঃ ৯১১৯৪৫৩

সেল: ০১৭১১৮৮৪১৬৯

ds-un5@erd.gov.bd